कोल इण्डिया लिमिटेड
महारत्न कंपनी
3 तल्ला, कोर-2, प्रेमिसेस-04-एमआर,प्लॉट-ए एफ-III,
एक्शन एरिया-1A, न्यूटाउन, रजरहट, कोलकाता-700156
फोन 033-२३२४६५२६, फैक्स-033-२३२४६५१०
ईमेल: comsec2.cil@coalindia.in
वेबसाइट: www.coalindia. In

**Coal India Limited**
**A Maharatna Company**
**(A Govt. of India Enterprise)**
Regd. Office:3rd floor, Core-2
Premises no-04-MAR, Plot no-AF-III, Action Area-1A,
Newtown, Rajarhat,Kolkata-700156
PHONE; 033-2324-6526,
FAX; 033-23246510
E-MAIL: comsec2.cil@coalindia.in
WEBSITE: www.coalindia.in
CIN- L23109WB1973GOI028844


**Ref.No.CIL:XI(D):4157/4156:2022:** **Dated:11.11.2022**

To,
Listing Department,
Bombay Stock Exchange Limited,
14th Floor, P.J.Towers, Dalal Street,
Mumbai – 400001
Scrip Code 533278

To,
Listing Department,
National Stock Exchange of India Limited,
Exchange Plaza, Bandra Kurla Complex,
Bandra (E), Mumbai – 400051.
Ref: ISIN – INE522F01014

**Sub: Newspaper publication of Notice to Shareholders for tax on 1st Interim Dividend for FY 2022-23**

Dear Sir,

We are enclosing hard copies of Press release issued on 11th Nov.'2022 in one English newspaper namely **"Financial Express"** All Editions, and one Bengali newspaper i.e. **"Bartaman"** publishing notice to shareholders for tax on 1st Interim Dividend for FY 2022-23.

This is for your information and records please.

Yours faithfully,
BIJAY PRAKASH DUBEY
Digitally signed by BIJAY PRAKASH DUBEY
Date: 2022.11.11 15:59:16 +05'30'
(बी पी दुबे/B. P Dubey)
Company Secretary/कंपनी सचिव
& Compliance Officer/कम्प्लायंस ऑफिसर

**Encl: As above**

# দেশ ও বিদেশের খবর

## ব্রিটেনে রাজনৈতিক আশ্রয় চাইছেন নীরব মোদি

**নয়াদিল্লি:** দু'দিন আগেই পিএনবি কেলেঙ্কারিতে অভিযুক্ত পলাতক হীরে ব্যবসায়ী নীরব মোদিকে ভারতে প্রত্যর্পণের বিষয়ে গ্রিন সিগন্যাল দিয়েছিল ব্রিটেনের একটি আদালত। প্রত্যর্পণের বিরুদ্ধে নীরবের করা আর্জি খারিজ করে দেয় লন্ডন হাইকোর্ট। তা সত্ত্বেও ভারতে ফেরা আটকাতে আরও একটি উপায় রয়েছে তাঁর হাতে। সূত্রের খবর, সম্প্রতি ব্রিটেনে রাজনৈতিক আশ্রয় চেয়েছেন ১৩ হাজার কোটি টাকার ঋণখেলাপি এই হীরে ব্যবসায়ী। এই আর্জি মঞ্জুর হলে সহজেই প্রত্যর্পণের সমস্ত চেষ্টায় জল ঢেলে দিতে পারবেন তিনি। সেক্ষেত্রে আদালতের আদেশ সত্ত্বেও নীরবকে দেশে ফেরানো সম্ভব হবে না। যদিও আদালত সূত্রে এবিষয়ে এখন পর্যন্ত কিছু জানা যায়নি। বিপুল অঙ্কের ব্যাঙ্ক জালিয়াতির পর দেশ ছেড়ে পালান নীরব। ২০১৯ সালের ১৪ মার্চ লন্ডনে তিনি গ্রেপ্তার হন। তারপর থেকেই তাঁকে দেশে ফেরানোর ব্যাপারে সচেষ্ট হয় ভারত সরকার। চলতি বছরের ফেব্রুয়ারিতে নীরবকে দেশে ফেরানোর ব্যাপারে সায় দিয়েছিল লন্ডনের ওয়েস্টমিনিস্টার ম্যাজিস্ট্রেট কোর্ট। বর্তমানে নীরব সেখানকার ওয়ান্ডসওয়ার্থ জেলে বন্দি।

## দারোয়ান থেকে হাউসে ভারতীয় বংশোদ্ভূত শ্রী থানেদার

**ওয়াশিংটন:** মার্কিন মুলুকে ইতিহাস গড়লেন আরও এক ভারতীয় বংশোদ্ভূত। ব্যবসার জগৎ থেকে রাজনীতিতে পা রাখা শ্রী থানেদার জয়ী হলেন মধ্যবর্তী নির্বাচনে। মিশিগান থেকে প্রথম ভারতীয় বংশোদ্ভূত হিসেবে হাউস অব রিপ্রেজেন্টেটিভসের সদস্য হলেন তিনি। ভারতে থাকাকালীন পরিবারে আর্থিক অনটনের কারণে কিশোর বয়সে দারোয়ানের কাজ করতে হয়েছে তাঁকে। কিন্তু থামেনি লড়াই। উচ্চশিক্ষা লাভের জন্য পাড়ি দিয়েছিলেন আমেরিকা। সেখানে একটা সময় চাকরি ছেড়ে ব্যবসা শুরু করেন। তাতেও আসে সাফল্য। রাজনীতির ময়দানে পা রেখেও নজির গড়লেন থানেদার।

ডেমোক্র্যাট প্রার্থী হিসেবে মধ্যবর্তী নির্বাচনে থানেদার পেয়েছেন ৮৪ হাজার ৯৬টি ভোট। প্রতিদ্বন্দ্বী রিপাবলিকান প্রার্থীর ঝুলিতে গিয়েছে ২৭ হাজারের কিছু বেশি ভোট। এই জয়ের ফলে রাজা কৃষ্ণমূর্তি, রো খান্না ও প্রমিলা জয়পালের পর চতুর্থ ভারতীয় বংশোদ্ভূত হিসেবে মার্কিন হাউসে নির্বাচিত হলেন তিনি। রাজনীতির মতো থানেদারের ব্যক্তিগত জীবনের লড়াইও অনুপ্রেরণা জোগায়। প্রথম জীবনের ২৪টি বছর তিনি ভারতে কাটিয়েছেন। প্রথমে কর্ণাটকের বেলগাঁও, পরে মুম্বইয়ে। নিজের ওয়েবসাইটে থানেদার লিখেছেন, ভারতে প্রচণ্ড অনটনের মধ্যে বড় হতে হয়েছিল। ১০ জনের পরিবার। মনে পড়ে, নদীতে গিয়ে পানীয় জল সংগ্রহ করতে হতো। বাবা অবসরগ্রহণের পর পরিবারকে সাহায্য করব বলে ১৪ বছর বয়সে দারোয়ানের কাজ শুরু করি। কিন্তু পড়াশোনার প্রতি ভালোবাসা বজায় ছিল। রসায়নে স্নাতক। বম্বে বিশ্ববিদ্যালয়ে মাস্টার ডিগ্রি। গোল্ড মেডেল। পিএইচডি করতে ১৯৭৯ সালে আমেরিকায় পা রাখেন তিনি। এদিকে, ইলিনয়ের প্রাদেশিক আইনসভায় নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট দলের নাবিলা সইদ। তিনিও একজন ভারতীয় বংশোদ্ভূত। মাত্র ২৩ বছর বয়সে তিনি আইনসভার সদস্য হলেন।

## কাশ্মীরে ফাঁস জঙ্গি মডিউল, ধৃত পাঁচ

**শ্রীনগর:** উত্তর কাশ্মীরের কুপওয়ারায় জঙ্গি মডিউল ফাঁস করল সেনা ও পুলিসের যৌথবাহিনী। ওই অভিযানে পাঁচজনকে গ্রেপ্তারও করা হয়েছে। জানা গিয়েছে, উত্তর কাশ্মীরের নানা জায়গায় নাশকতার পরিকল্পনা নিয়ে বিপুল অস্ত্রশস্ত্র জমা করা হচ্ছিল। সেই ঘাঁটিই ধ্বংস করে দিয়েছে নিরাপত্তা বাহিনী। সেনা ও পুলিসের এই যৌথ অভিযানকে বড়সড় সাফল্য বলে ব্যাখ্যা করা হয়েছে। কাশ্মীর পুলিস বিবৃতি দিয়ে জানিয়েছে, 'বিপুল পরিমাণ অস্ত্র, বিস্ফোরক ও আইইডির কাঁচামাল উদ্ধার করা হয়েছে। তার মধ্যে রয়েছে— পাঁচটি পিস্তল, দশটি ম্যাগাজিন, ৪৯ রাউন্ড কার্তুজ, দু'টি গ্রেনেড এবং একটি আইইডি।' জানা গিয়েছে, কুপওয়ারার চিরকোটে জঙ্গি বিলাল আহমেদ দরের উপস্থিতির খবর পেয়ে যৌথ অভিযান চালানো হয়। উপত্যকার যুবকদের জঙ্গিগোষ্ঠীতে যোগদান করানোর দায়িত্ব ছিল বিলালের কাঁধে। এছাড়াও সন্ত্রাসে আর্থিক মদতের ক্ষেত্রেও বিলালের বিশেষ ভূমিকা রয়েছে বলে জানিয়েছেন কুপওয়ারার এসএসপি।

# দিল্লিকে অগ্রাধিকার, জটিলতা কাটিয়ে বছরে ১২ লক্ষ ভারতীয়কে ভিসা দেবে আমেরিকা

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি:** ভারতীয়দের থেকে মাসে এক লক্ষ করে ভিসার আবেদন গ্রহণ করবে আমেরিকা। বছরে ১২ লক্ষ। এরকমই বিস্ময়কর টার্গেট নেওয়া হয়েছে। কোভিডকালের পর আবার আন্তর্জাতিক উড়ান সম্পূর্ণ স্বাভাবিক হয়ে গেলেও গত দেড় বছরেও আমেরিকার ভিসা নীতি স্বাভাবিক হয়নি।

ভারতের কয়েক লক্ষ ভিসার আবেদন আটকে রাখা হয়েছে। মাসের পর মাস অপেক্ষা করেও ভিসা পাওয়া যায়নি। এইচ ওয়ান বি, এল, বিজনেস কিংবা ট্যুরিস্ট, প্রতিটি ক্ষেত্রেই এই সমস্যায় চরম নাজেহাল হতে হচ্ছে ভারতীয়দের। ভারত ও আমেরিকার কূটনৈতিক সম্পর্কেও এই সমস্যার প্রভাব পড়তে শুরু করেছে। তারই সঙ্গে রাশিয়া থেকে ভারত সস্তায় অশোধিত তেল কেনার সিদ্ধান্ত নেওয়ায় আমেরিকার পরোক্ষ হুঁশিয়ারি সম্পর্কে আরও শীতল ছায়া ফেলে। রাশিয়ার সঙ্গে ভারতের শুধুই তেল নয়, একঝাঁক অস্ত্র চুক্তিও হয়েছে। রাশিয়া থেকে তেল কেনার আগেই রাশিয়া থেকে এস ৪০০ মিসাইল সিস্টেম ভারত ক্রয়ের চুক্তি করা নিয়েও আমেরিকা ক্ষোভ প্রকাশ করেছে। ভারত প্রতি ক্ষেত্রেই নিজের অবস্থান স্পষ্ট করে বলেছে, ভারত সর্বাগ্রে দেশের স্বার্থ দেখবে। বস্তুত প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সখ্যতা ছিল নজরকাড়া। কিন্তু আমেরিকায় ডেমোক্র্যাট সরকার আসার পর থেকেই নয়া প্রেসিডেন্ট জো বাইডেন ও মোদির সেই সখ্যতা দেখা যায়নি। বরং সম্পর্কের তিক্ততা প্রকাশ্যে এসেছে একাধিকবার। আর




ভারত সেই তিক্ততায় নরম না হয়ে আরও বেশি করে রাশিয়ার সঙ্গে বন্ধুত্ব বৃদ্ধির প্রবণতা চালিয়ে যাওয়ায় আমেরিকা অবশেষে শঙ্কিত। সর্বাগ্রে আমেরিকা তাই ভিসা জটিলতা কাটিয়ে ভারতকে সন্তুষ্ট করতে মরিয়া হয়ে ঝাঁপিয়েছে।

বৃহস্পতিবার ভারতে থাকা মার্কিন দূতাবাস বলেছে, ভারত এখন ওয়াশিংটনের কাছে সবথেকে বড় অগ্রাধিকার। তাই ভিসা জটিলতা নিয়ে যে সমস্যা সৃষ্টি হয়েছিল তা মিটিয়ে এবার আমরা বরং ভারতীয়দের বিশ্বের মধ্যে সবথেকে বেশি ভিসা দেব। মাসে এক লক্ষ করে ভিসার আবেদন অনুমোদন করা হবে। মার্কিন দূতাবাস জানিয়েছে, শুধু এই কারণেই ভারতের বিভিন্ন প্রান্তের কনস্যুলেট অফিসে কর্মী সংখ্যা অনেক বাড়ানো হচ্ছে। যাতে ভিসার আবেদন ও অনুমোদনের সময়সীমা আরও কমে আসে। মার্কিন ভিসা প্রাপ্তিতে ভারতের স্থান মেক্সিকো এবং চীনের পর। এখন আমেরিকা সিদ্ধান্ত নিয়েছে, চীনের তুলনায় ভারতকে বেশি ভিসা দেওয়া হবে। ২০২৩ সালের মধ্যেই ভারত উঠে আসবে দ্বিতীয় স্থানে। অর্থাৎ মেক্সিকোর পরই। বিশেষ পরিবর্তন আনা হচ্ছে যারা আগেই ভিসা পেয়েছিল এবং সেই ভিসার সময়সীমা সমাপ্ত হয়েছে, এমন ভিসা-ধারকদের ক্ষেত্রে। তাদের পুনরায় আবেদনের ক্ষেত্রে আর ইন্টারভিউ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হবে না। ড্রপ বক্স সুবিধা দেওয়া হবে। ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, মার্কিন ভিসা নীতি যদি সত্যিই জটিলতা কমাতে সমর্থ হয়, তা দুই দেশের সম্পর্ককে আরও স্বাভাবিক করবে কোনও সন্দেহ নেই।

## 'গণতন্ত্রের জন্য সুদিন', ভোটের ফলাফল নিয়ে মন্তব্য বাইডেনের

**ওয়াশিংটন:** মধ্যবর্তী নির্বাচনে ধাক্কা খেয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভস কার্যত হাতছাড়া হতে বসেছে। উচ্চকক্ষ সেনেটেও তাঁর ডেমোক্র্যাট পার্টির সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই চলছে ট্রাম্পের রিপাবলিকান দলের। কিন্তু বিভিন্ন সংবাদমাধ্যম ও রাজনৈতিক পণ্ডিতরা যতটা খারাপ ফলের পূর্বাভাস দিয়েছিলেন, তা মেলেনি। বাইডেনের তুলনায় মধ্যবর্তী নির্বাচনে অনেক বড় বিপর্যয়ের মুখে পড়তে হয়েছিল দলের দুই পূর্বসূরি বারাক ওবামা ও বিল ক্লিনটনকে। এই অবস্থায় বুধবার ভোটের ফলকে 'গণতন্ত্রের জন্য ভালো' বলে মন্তব্য করলেন মার্কিন প্রেসিডেন্ট। তবে মুদ্রাস্ফীতি সহ বিভিন্ন ইস্যুতে ভোটাররা যে হতাশ, তা স্বীকার করতে তিনি বাধ্য হয়েছেন।

| সেনেট (১০০) | |
|---|---|
| ডেমোক্র্যাট | ৪৮ |
| রিপাবলিকান | ৪৯ |

| হাউস (৪৩৫) | |
|---|---|
| ডেমোক্র্যাট | ১৯২ |
| রিপাবলিকান | ২১০ |

এদিন হোয়াইট হাউসে সাংবাদিক বৈঠকে বাইডেন বলেন, 'আমার মতে গণতন্ত্রের জন্য দিনটা ভালো। আমেরিকার জন্যও ভালো দিন। সংবাদমাধ্যম ও পণ্ডিতরা লাল ঝড়ের (রিপাবলিকানদের বড় জয়) পূর্বাভাস দিয়েছিল। বাস্তবে তা হয়নি।' ঘটনাচক্রে, মধ্যবর্তী নির্বাচনকে হাতিয়ার করেই ফের প্রেসিডেন্ট ভোটে লড়াইয়ের পরিকল্পনা নিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। তবে লাল ঝড়ের পূর্বাভাস পুরোপুরি না মেলায় প্রাক্তন প্রেসিডেন্টের সুরও কিছুটা নরম। তাঁর স্বীকারোক্তি, 'কয়েকটি ক্ষেত্রে গতকালের নির্বাচন কিছুটা হতাশাজনক বটেই।' তা সত্ত্বেও ঢাক পেটাতে ছাড়ছেন না তিনি। ট্রাম্পের যুক্তি, ব্যক্তিগতভাবে যে প্রার্থীদের উপর তিনি বাজি ধরেছিলেন, তাঁদের মধ্যে ২১৯ জন জয়ী হয়েছেন। হেরেছেন ১৬ জন। নিজের 'ট্রুথ' সোশ্যাল মিডিয়ায় প্রাক্তন প্রেসিডেন্টের বক্তব্য, 'কে, কবে এর থেকে ভালো ফল করেছে?' কিন্তু এরপরেও ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে তাঁর মনোনয়ন পাওয়ার পথ মসৃণ নয়। রিপাবলিকান পার্টিতে ট্রাম্পের সামনে এখন সবচেয়ে বড় কাঁটা রন ডিস্যান্টিস। কারণ, বিশাল ভোটের ব্যবধানে জয়ী হয়ে তিনি ফ্লোরিডার গভর্নর পদ ধরে রেখেছেন।

২০১৮ সালের পর এই প্রথম রিপাবলিকানরা হাউসের দখল নিতে চলেছে ঠিকই, তবে নামমাত্র আসনের ব্যবধানে। ট্রাম্পের মরিয়া প্রচারেও প্রত্যাশামতো ফল হয়নি। উল্টোদিকে, মধ্যবর্তী ভোটে ওবামা ও ক্লিনটনের মতো বড় মাপের বিপর্যয় এড়িয়ে ২০২৪ সালে ফের ডেমোক্র্যাট প্রার্থী হওয়ার সম্ভাবনাই জিইয়ে রাখলেন বাইডেন। এপ্রসঙ্গে সাংবাদিক বৈঠকে এক প্রশ্নের জবাবে মার্কিন প্রেসিডেন্টের জবাব, 'ইচ্ছা তো আছেই। তবে, নতুন বছরের গোড়ার দিকে চূড়ান্ত সিদ্ধান্ত নেব।' এই ভোটের ফল নিয়ে তাঁর ব্যাখ্যা, ভোটাররা স্পষ্টভাবে তাঁদের উদ্বেগের কথা বুঝিয়ে দিয়েছেন। এখনও বহু মানুষ সমস্যায় রয়েছেন। এই ভোট থেকে একটি বার্তা পরিষ্কার, মতামত প্রকাশ ও গণতন্ত্রের অধিকারকে এদেশের মানুষ রক্ষা করতে চায়। সেই সূত্র ধরেই গত বছরের ৬ জানুয়ারি ক্যাপিটল হিল হামলার কড়া নিন্দা করেন বাইডেন। নাম না করে কার্যত খোঁচা দেন ডোনাল্ড ট্রাম্পকে। তাঁর মন্তব্য, গৃহযুদ্ধের পর থেকে আমেরিকার বুকে ক্যাপিটল হিলে হামলার মতো ঘটনা আর ঘটেনি। কোনও অতিরঞ্জন নয়, এটা বাস্তব।

## জ্যাকলিনকে গ্রেপ্তার নয় কেন, আদালতের ভর্ৎসনার মুখে ইডি

**নয়াদিল্লি:** আপনারা বেছে বেছে ব্যবস্থা নিচ্ছেন। একদিন আগেই এনফোর্সমেন্ট ডিরেক্টরেটকে (ইডি) ভর্ৎসনা করেছে মুম্বইয়ের আদালত। শিবসেনা এমপি সঞ্জয় রাউতের বিরুদ্ধে অর্থ তছরুপের মামলায়। জামিন মঞ্জুর হয়েছে প্রবীণ এই রাজনীতিবিদের। ২৪ ঘণ্টার মধ্যে



এবার দিল্লির আদালতেও প্রায় একই সুরে ধমক খেল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। জেলবন্দি সুকেশ চন্দ্রশেখরের বিরুদ্ধে তোলাবাজির মামলায় নাম জড়ানো অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজের জামিনের ইস্যুতে। ইডিকে আদালতের প্রশ্ন, বাকি অভিযুক্তরা জেলে। কিন্তু লুক আউট সার্কুলার জারি করা সত্ত্বেও অভিনেত্রী জ্যাকলিনকে কেন এখনও গ্রেপ্তার করেননি আপনারা? বেছে বেছে ব্যবস্থা নেওয়ার এই নীতি কেন?

অভিযোগ, তোলাবাজির মামলায় সুকেশ জেলে যাওয়ার আগে তার কাছ থেকে কোটি কোটি টাকার উপহার পেয়েছেন শ্রীলঙ্কা-জাত বলিউড অভিনেত্রী জ্যাকলিন। ২০০ কোটি টাকার জালিয়াতির এই মামলায় তিনি আগেই অন্তর্বর্তী জামিন পেয়েছিলেন। অভিনেত্রীর জামিনের আবেদনের প্রেক্ষিতেই এদিন আদালতের কড়া প্রশ্নের মুখে পড়তে হল ইডিকে। এবিষয়ে আজ সিদ্ধান্ত ঘোষণা করতে পারেন বিচারপতি।

ইডির পেশ করা চার্জশিটে নাম রয়েছে জ্যাকলিনেরও। তিনি যাতে ভারত ছাড়তে না পারেন, সেজন্য অভিনেত্রীর নামে জারি হয়েছে লুক আউট সার্কুলার। জামিনের বিরোধিতা করে ইডির আইনজীবী আদালতে বলে, আমরা জীবনে নগদ ৫০ লক্ষ টাকা চোখে দেখিনি। কিন্তু জ্যাকলিন শুধুমাত্র আমোদ-প্রমোদে ৭ কোটি ১৪ লক্ষ টাকা খরচ করেছেন। তদন্তে সহযোগিতা না করে সম্ভাব্য সব কৌশলে পালানোর চেষ্টা করেছেন। এই কথা শোনার পরই ইডিকে এদিন তীব্র ভর্ৎসনা করে আদালত। প্রশ্ন তোলে, এত কিছুর পরও কেন অভিনেত্রীকে গ্রেপ্তার করা হয়নি? বাকিরা তো ইতিমধ্যেই জেলে। এইভাবে বেছে বেছে ব্যবস্থা নেওয়ার কারণ কী?

*• বৃহস্পতিবার দিল্লির পাতিয়ালা কোর্টে জ্যাকলিন। ছবি: পিটিআই*



*বেঙ্গালুরুর কেম্পেগৌড়া আন্তর্জাতিক বিমানবন্দরে বসানো হয়েছে নাদাপ্রভু কেম্পেগৌড়ার মূর্তি। ১০৮ ফুট উচ্চতার এই মূর্তিটির আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ছবি: পিটিআই*

## দিল্লির আবগারি দুর্নীতি মামলা: গ্রেপ্তার ওষুধ কোম্পানির কর্তা

**নয়াদিল্লি:** দিল্লির আবগারি নীতিতে দুর্নীতির মামলায় বুধবার ওষুধ প্রস্তুতকারী সংস্থা অরবিন্দ ফার্মার অধিকর্তা শরথ রেড্ডিকে গ্রেপ্তার করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। তাঁর সঙ্গেই বুধবার গভীর রাতে গ্রেপ্তার করা হয়েছে মদ কোম্পানি পারনড রিকার্ডের জেনারেল ম্যানেজার বিনয়বাবুকেও। ইডি সূত্রে খবর, আর্থিক তছরুপ প্রতিরোধ আইনে তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। এর আগে দু'বার তাঁকে জিজ্ঞাসাবাদও করা হয়েছিল। আবগারি নীতি নিয়ে কেন্দ্রীয় সংস্থাগুলির তৎপরতা নিয়ে শুরু থেকেই সরব দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। তাঁর অভিযোগ, গুজরাতে বিধানসভা নির্বাচনে তাঁর দল আম আদমি পার্টি (আপ)-কে বিপাকে ফেলতেই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা অতিসক্রিয়তা দেখাচ্ছে। এই চক্রান্তের পিছনে কেন্দ্র এবং দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনার হাত রয়েছে বলেই অভিযোগ করেছেন তিনি। উল্লেখ্য, সাক্সেনাই এই আবগারি নীতি নিয়ে সিবিআই তদন্তের সুপারিশ করেছিলেন। সিবিআই এই মামলায় দিল্লির উপ মুখ্যমন্ত্রী মণীশ সিশোদিয়া সহ দিল্লি সরকারের পদস্থ আধিকারিক ও অন্যান্যদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে।

## দু'দিনেই স্বপ্নভঙ্গ, মেটা থেকে চাকরি গেল খড়্গপুর আইআইটির প্রাক্তনীর

### মাতৃত্বকালীন ছুটির মধ্যে ছাঁটাই আন্নেকাও

**ক্যালিফোর্নিয়া:** দু'দিনেই স্বপ্নভঙ্গ।

এর আগে একাধিক নামী তথ্যপ্রযুক্তি সংস্থায় কাজ করেছেন। কিন্তু ইচ্ছে ছিল, জুকেরবার্গের কোম্পানিতে চাকরি করবেন। সেই স্বপ্ন সত্যিও হয়েছিল। ফেসবুকের মালিকানাধীন সংস্থা মেটা'য় মোটা মাইনের চাকরি পেয়ে উড়ে গিয়েছিলেন কানাডায়। কিন্তু স্থায়ী হল না সুখ। মাত্র ৪৮ ঘণ্টার মধ্যে চাকরি গেল খড়্গপুর আইআইটির প্রাক্তনী হিমাংশু ভি-র। এভাবে আকস্মিক ছাঁটাইয়ে মাথায় যেন আকাশ ভেঙে পড়েছে তাঁর। বলছিলেন, এখন কী করবেন জানেন না তিনি। এই পরিস্থিতিতে নতুন কাজের খোঁজও শুরু করেছেন হিমাংশু। একটি জব পোর্টালে তিনি লিখেছেন, 'কোথাও যদি সফ্‌টওয়্যার ইঞ্জিনিয়ারের কোনও পদ ফাঁকা থাকে, তা হলে আমার কথা যেন ভাবা হয়।'

হিমাংশুর ঘটনাকেও অবশ্য ছাপিয়ে গিয়েছে ভারতীয় বংশোদ্ভূত আন্নেকা প্যাটেলের জীবনে নেমে আসা বিপর্যয়। মেটা থেকে তাঁরও চাকরি গিয়েছে। মাতৃত্বকালীন ছুটিতে ছিলেন তিনি। খিদেয় তিন মাসের মেয়ে কাঁদতে থাকায় ভোর ৫টা ৩৫ মিনিটে ঘুম ভেঙে যায়। একদিকে মেয়ের খাবার জোগাড়, অন্যদিকে একরত্তির কান্না থামানোর জন্য যখন আপ্রাণ চেষ্টা করছেন আন্নেকা, তখনই তাঁর কাছে অফিস থেকে ইমেল আসে। তাতে চোখ রাখতেই তাজ্জব হয়ে যান তিনি। সেই ইমেল থেকে স্পষ্ট হয়ে যায়, মেটার ছাঁটাই হওয়া ১১ হাজার কর্মীর মধ্যে নাম রয়েছে তাঁরও। বেশ কিছুক্ষণ কোনও



কথা বলতে পারেননি আন্নেকা। মেটাতে কমিউনিকেশন ম্যানেজার পদে চাকরি করতেন তিনি। ২০২০ সালে চাকরি পেয়েছিলেন। আগামী ফেব্রুয়ারি পর্যন্ত তাঁর মাতৃত্বকালীন ছুটি ছিল। কিন্তু তার মধ্যেই যে এমনটা হবে, তা স্বপ্নেও কল্পনা করতে পারেননি। বলছিলেন, 'এর পরের পদক্ষেপ কী হবে জানি না।'

একের পর এক তথ্যপ্রযুক্তি সংস্থায় আঁধার ঘনিয়ে আসছে। টুইটারের পর এবার গণছাঁটাই শুরু হয়েছে মেটায়। সবমিলিয়ে জুকেরবার্গের সংস্থায় ১১ হাজার কর্মী চাকরি খুইয়েছেন। আকস্মিক ছাঁটাইয়ে রীতিমতো প্রশ্নের মুখে ওই কর্মীদের ভবিষ্যৎ। যেসব কর্মীকে ছেঁটে ফেলার সিদ্ধান্ত নিয়েছে মেটা, তার মধ্যেই রয়েছেন হিমাংশু। অথচ দু'দিন আগেই কানাডায় চাকরিতে যোগ দিয়েছিলেন তিনি। এভাবে তাঁর জীবনে যে বিপর্যয় নেমে আসবে, তা স্বপ্নেও ভাবতে পারেননি হিমাংশু। তাঁর কথায়, 'এর আগে গিটহাব, অ্যাডবে, ফ্লিপকার্টের মতো সংস্থায় কাজ করেছি। ইচ্ছে ছিল, জুকেরবার্গের সংস্থায় কাজ করব। তবে এমনটা হবে, ভাবতে পারিনি। শুধু আমি নই, আমার মতো অনেকেই যে চাকরি হারিয়ে কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন, তাঁদের কথা ভেবে আমার কষ্ট হচ্ছে।' মেটার সদ্য প্রাক্তন এই কর্মীর কথায়, 'সত্যিই আমি জানি না আমার পরবর্তী পদক্ষেপ কী হবে। তবে, আমি সামনের দিকে এগিয়ে যেতে চাই। ভারত হোক কিংবা কানাডা, যে কোনও জায়গায় সফ্‌টওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে কাজে যোগ দিতে চাই। এখন সেই চাকরিই খুঁজছি।' *• হিমাংশু ভি*


**কোল ইন্ডিয়া লিমিটেড**

একটি মহারত্ন কোম্পানি

কোল ভবন, কোর-২, ৪র্থ তল, প্রেমিসেস নং.০৪ এমএআর, প্লট নং. এএফ-III, অ্যাকশন এরিয়া-১এ, নিউটাউন, রাজারহাট, কলকাতা-৭০০১৫৬

ফোন: ০৩৩-২৩২৪৬৫২৬

ই-মেল: cil.taxdoc@coalindia.in

ওয়েবসাইট: www.coalindia.in

সিআইএন-L23109WB1973GOI028844

**বিষয়: ২০২২-২৩ আর্থিক বর্ষের জন্য ১ম ইন্টারিম ডিভিডেন্ডে ট্যাক্স**

কোল ইন্ডিয়া লিমিটেডের বোর্ড অব ডিরেক্টরগণ ৭ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত তাঁদের মিটিংয়ে প্রসঙ্গত ২০২২-২৩ আর্থিক বর্ষের জন্য ফেস ভ্যালু টা. ১০/- সম্বলিত প্রতিটি ইকুইটি শেয়ারের নিরিখে ১ম ডিভিডেন্ড হিসাবে টা. ১৫/- প্রদানের বিষয়ে উল্লেখ করেছেন। এই যোগাযোগটি কোল ইন্ডিয়া লিমিটেড কর্তৃক প্রদেয় লভ্যাংশের উপর ইনকাম ট্যাক্স অ্যাক্ট' ১৯৬১ অনুযায়ী প্রযোজ্য ট্যাক্স ডিডাকশন অ্যাট সোর্স (''টিডিএস'') বিষয়ক। টিডিএস থেকে অব্যাহতিপ্রাপ্ত বিভিন্ন শ্রেণীর শেয়ারহোল্ডারগণের বিস্তারিত বিবরণ কোল ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইটে **ইনভেস্টর সেন্টার ট্যাব** অধীনে আপলোড করা হয়েছে এবং অনুরূপটি শেয়ারহোল্ডারগণ দেখতে পারেন। শেয়ারহোল্ডারগণকে **১৬ নভেম্বর, ২০২২** তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফর্মসমূহ পূরণ এবং cil.taxdoc@coalindia.in-তে মেল পাঠানোর জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

কোল ইন্ডিয়া লিমিটেডের তরফে
স্বাঃ/-
(বি.পি. দুবে)
কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার

স্থান: কলকাতা
তারিখ: ১০.১১.২০২২



**KOLKATA MUNICIPAL CORPORATION**

**PRE-TENDER CONFERENCE/MEETING NOTICE**

**Chief Municipal Engineer (SWM), KMC** invites for participation in Pre-Tender Conference/Meeting for engagement of bidder through Open Tender from reliable, resourceful, bonafied and experienced bidder who have successfully completed similar work **in any Govt. Sector, Semi Govt. Sector, Local Govt., PSUs, Parastatals in India**. Name of work : **Integrated Solid Waste Management from Secondary Collection Point to final disposal including treatment processing, waste to energy plant etc. at Dhapa, Patharghata, Gardenreach and Raspunjo for Kolkata Municipal Corporation;** Date : **05.12.2022**; Time : **12.00 noon**; Venue : **Conference Hall (I) of KMC Head Office, 1st floor, 5, S.N. Banerjee Road, Kolkata-700013**; In this conference issues related to Terms of Reference (TOR)/Scope of Work, Eligibility Criteria etc. will be discussed for finalization of the Bid document relating to the above mentioned work. Reference Contact No. **6291975784**, Email : **dg_swm@kmcgov.in** and **9434643284**, Email : **eeciii_swmi@kmcgov.in**

701/22-23



**WEST BENGAL MUNICIPAL SERVICE COMMISSION**
**149, A. J. C. Bose Road, Kolkata -700014**

**IMPORTANT ANNOUNCEMENT**

Schedule of written examinations for recruitment to the posts of **SAE (Civil), SAE (Mechanical), SAE (Electrical) & Sub-Registrar** under the Kolkata Municipal Corporation are as detailed below:-

| Name of the Post | Advt. No. | Date of written examination |
|---|---|---|
| SAE (Civil) | 08 of 2022 | 18.12.2022 (Sunday) |
| SAE (Mechanical) | 09 of 2022 | |
| SAE (Electrical) | 10 of 2022 | |
| Sub-Registrar | 11 of 2022 | |

The Schemes & Syllabi of the above mentioned posts have been uploaded in our official website.

**For details, all concerned are requested to follow our official website www.mscwb.org.**

Secretary



**GOVERNMENT OF WEST BENGAL**

**Department of Personnel & Administrative Reforms**

Memo No.1064-PAR(Genl)/G8P-123/2016 Dated, Howrah, 10th November,2022

Applications are invited from willing and eligible candidates for consideration for selection to the post of State Chief Information Commissioner in the West Bengal Information Commission.

The applicant shall be person of eminence in public life with wide knowledge and experience in law, science and technology, social service, management, journalism, mass media or administration and governance in terms of Section 15 of the RTI Act, 2005. The State Chief Information Commissioner shall hold office for a period of 3 (three) years from the date on which he enters upon office. Other terms and conditions of service of State Chief Information Commissioner shall be guided by the RTI Act, 2005 (as amended) and the Rules, 2019 framed thereunder.

Candidates are requested to apply within 4.00 p.m. of 14.12.2022 to the Additional Chief Secretary, P & AR Department, Govt. of West Bengal, Room No.701, Nabanna, 325, Sarat Chatterjee Road, Howrah-711102, along with their **Resume** subscribing on the envelope the post for which the application is made.

The procedure for selection and other guidelines in this regard are available at www.wbpar.gov.in in the website of the P&AR Department.

ICA-N567(4)/2022



**GOVERNMENT OF WEST BENGAL**

Department of Information & Cultural Affairs
"Nabanna" (9th floor), H.R.B.C. Building,
325, Sarat Chatterjeee Road, Mandirtala, Shibpur,
Howrah- 711102

Department of Information & Cultural Affairs invites applications from retired Government Employees for filling up of 4 (four) vacant post of U.D.C.s (Upper Division Clerk) and 5 (five) vacant post of Clerk-cum-Cashier in different Academies of Cultural Directorate functioning at District level Academy offices within the premises of concerned DI & CO offices on contractual basis on a consolidated contractual remuneration of Rs. 12,000/- and Rs. 10,000/- respectively as fixed under G.O. No. 10935-F(P); dtd. 05.12.2011 for a period of 1 (one) year.

The interested candidates having adequate experience about establishment matters, accounts matters, audit matters and basic computer knowledge may apply in the prescribed format addressed to the Member-Secretary-in-Charge & District Information & Cultural Officer, Department of Information & Cultural Affairs in respect of each Academy in an envelope mentioning the post applied for.

Application in prescribed format along with colour photograph (passport size) and other self attested supportive documents should reach within 15 days from the date of publication of this advertisement to the concerned District Information & Cultural Officers of the respective district.

For more details please contact O/o. District Information & Cultural Officers of the district concerned and please visit **www.egiyebangla.gov.in**.

Sd/-
**Special Secretary &**
**E.O. Director of Culture**
**to the Government of West Bengal**

ICA-N566(4)/2022



**KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER**

**ABRIDGED NIT**

The **Director General (Roads), KMC** invites tender online percentage rate two bid system for the following works:

**(1) NIT No. : KMC/ROADS/SOUTH/2022-2023/180 (1st Call)**

Name of the Work: **Development of Joyrampur Jala Road from P-123 Unique Park to 1045A Joyrampur Jala Road in Ward No.-129 under Br-XIV**. Estimated Amount (including GST & CESS): **Rs. 12,81,777.42** (excluding contingency amount). Earnest Money: **Rs. 25,700.00**. Period of Completion: **60 days**. Last Date and Time of Submission of all Bids: **30.11.2022 at 12.00 noon**. The Bid forms and other details are available on and from **12.11.2022 (12.00 noon)** in the website **https://etender.wb.nic.in**

**(2) NIT No. : KMC/ROADS/SOUTH/2022-2023/137 (1st Call)**

Name of the Work: **Resurfacing of Fern Place from Bijon Setu to Moni Mukherjee and Fern Road from 19, Fern Road to Moni Mukherjee Road in Ward No.-68 under Br-VIII**. Estimated Amount (including GST & CESS): **Rs. 31,18,819.40** (excluding contingency amount). Earnest Money: **Rs. 62,400.00**. Period of Completion: **150 days**. Last Date and Time of Submission of Bid(s): **30.11.2022 at 12.00 noon**. The Bid forms and other details are available on and from **11.11.2022 (12.00 noon)** in the website **https://etender.wb.nic.in**

**(3) NIT No. : KMC/ROADS/NORTH/087/2022-2023 (1st Call)**

Name of the Work: **Development of Muraripukur Road from Premises No. 33/7 Murari Pukur Road to 123 Ultadanga Main Road in Ward No.-14 under Br-III**. Estimated Amount (including GST & CESS): **Rs. 15,62,749.04**. Earnest Money: **Rs. 31,300.00**. Period of Completion: **60 days**. Last Date and Time of Submission of Bid: **03.12.2022 at 12.00 noon**. The Bid forms and other details are available on and from **16.11.2022 (12.00 noon)** in the website **https://etender.wb.nic.in**

The **Director General (TP&DD), KMC** invites e-tender/quotation online expression of interest of lower bidder for following work:

**NIT No. : KMC/D.G.(TP_DD)/11/2022-2023**

Name of the Work: **Rejuvenation of Khal at Natun Bazar area from Natun Bazar More to Naba Tarun Sangha and other ancillary works in Ward No.-112, Br.-XI**. Estimated Value: **Rs. 90,92,382.00**. Earnest Money: **Rs. 1,87,300.00.** Period of Completion: **06 months**. Last Date and Time of Submission of Bid: **06.12.2022 at 3.00 p.m**. Bid Submission Start Date (online) on: **11.11.2022 at (3.00 p.m.)**. The Bid forms and other details are available on and from **11.11.2022 (3.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Director General (TP&DD), KMC** invites e-tender/quotation online expression of interest of lower bidder for following work:

**NIT No. : KMC/D.G.(TP_DD)/03-1/2022-2023 (2nd Call)**

Name of the Work: **Construction of 16 nos. of Banglar Bari having 256 nos. of flats at 33,a,b,c Canal South Road, Kolkata- 700015, Ward No.-57, Br.-VII**. Estimated Value: **Rs. 18,62,17,350.00**. Earnest Money: **Rs. 38,34,971.00**. Period of Completion: **30 months**. Last Date and Time of Submission of Bid: **10.12.2022 at 2.00 p.m**. Bid Submission Start Date (online) on: **16.11.2022 at (2.00 p.m.)**. The Bid forms and other details are available on and from **16.11.2022 (2.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

**CORRIGENDUM**

(A) NIT No. : KMC/S and D/DLPS/20/R/2022-23 (2nd call) & (B) NIT No. : KMC/S and D/DLPS/12/R/2022-23 (2nd call) of S&D Department published in this Newspaper **(Key No. 612/22-23)** on **13.10.2022**. Last Date of Submission of Bid of Sl.No. 1 & 2 are extended up to **19.11.2022 up to 1.00 p.m.**

702/22-23